



# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, Ballygunge Circular Road, Kolkata - 700019

1<sup>st</sup>. Term: Answer Worksheet - 3



**Class: 4**

**Subject: Bengali Text (বাংলাদেশ)**

**Date : 4/7/2020**

১। কবি সোনার ফসল ও সোনার কমল বলতে কী বোঝাতে চেয়েছেন ?

উ: বাংলাদেশে প্রধানত ধান চাষ হয়। ধান পাকলে তার রঙ হয় সোনার মতো হলুদ। তাই কবি পাকা ধানকে সোনার ফসল বলেছেন। পদ্ম ফুল সকালে ফোটে। পদ্ম ফুলের কুড়ির উপর রাতে শিশির পড়ে। তার উপর সকালে সূর্যের আলো পড়ে সোনার মতো চিকচিক করে। তাই কবি এইরূপ সোনার ফসল ও সোনার কমল বলেছেন।

২। বাংলাদেশের প্রকৃতির বর্ণনা দাও।

উ: বাংলাদেশে অনেক নদীনালা ও পুকুর আছে। তাই এখানে চাষ আবাদ খুবই ভালো হয়। মাঠে সব সময় সবুজ ফসল থাকে। এখানে মাটি খুব ভালো তাই প্রচুর সবুজ গাছপালা জন্মায়। এই দেশের মাটি নরম দুর্বা ঘাসে ঢাকা থাকে। ছয়টি ঋতুই এই বাংলায় দেখা যায়। ফুলে ফলে ভরা আর পাখির কলতানে, মরাল মরালীর সাঁতার কাটা বাংলাদেশের প্রকৃতিকে সুন্দর করে তুলেছে।

৩। বাংলাদেশ কবিতায় কবি যে স্তবকে পাখির উল্লেখ করেছেন সেই স্তবকটি লেখ।

উ: বাংলাদেশ

- সত্যেন্দ্রনাথ দত্ত

কোথায় ডাকে দোয়েল শ্যামা

ফিঙে গাছে গাছে নাচে ?

কোথায় জলে মরাল চলে

মরালী তার পাছে পাছে ;

বাবুই কোথা বাসা বোনে

চাতক বারি যাচে রে ?

সে আমাদের বাংলা দেশ

আমাদেরি বাংলা রে ।

৪। বাংলাদেশ কবিতার সারমর্ম লেখ ।

উ: বাংলাদেশ কবিতায় কবি তার মাতৃভূমি অর্থাৎ বাংলার কথা তুলে ধরেছেন । বাংলাদেশের প্রকৃতির কী রূপ তা তিনি প্রতি ছন্দে বর্ণনা করেছেন । কবির মতে এই দেশের তরুলতা, ফুল ও ফসল সব দেশের থেকে সেরা । এই দেশের সুখ দুঃখে আমরা আনন্দিত ও বিচলিত হই। আমাদের পূর্ব পুরুষের চরণধূলি এই দেশে আছে বলে আমরা নিজেদের গর্বিত বোধ করি ।

Manashi Chaudhuri